তারিখ ..05.APR.2016... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম.... ২. ......

~~দৈনিক জনকণ্ঠ~~
সংবাদ

# প্রচলিত আইনেই তনু হত্যার বিচার হবে

## — প্রধানমন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

প্রচলিত আইনেই তনু হত্যার বিচার করা হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

তিনি গতকাল সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে অনির্ধারিত আলোচনার সূত্র ধরে তনু হত্যার বিচার নিয়ে এ মন্তব্য করেন।

মন্ত্রিসভার একটি সূত্র জানায়, বৈঠকে তনু হত্যাকাণ্ডে প্রচলিত আইনে বিচার নিয়ে প্রধান বিচারপতির সংশয়ের কথা তুলে ধরা হলে প্রধানমন্ত্রী এ কথা বলেন।

এর আগে সম্প্রতি প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা এক অনুষ্ঠানে বলেছিলেন, 'প্রচলিত ফৌজদারি আইনে তনু হত্যার বিচার সম্ভব নয়।'

মন্ত্রিসভার বৈঠকে তনু হত্যার বিচার নিয়ে প্রধানমন্ত্রীর বক্তব্যের একপর্যায়ে আইনমন্ত্রী আনিসুল হক বলেন, 'তনু হত্যার বিচারের জন্য নতুন কোন আইনের প্রয়োজন নেই। বিদ্যমান ফৌজদারি আইনেই তনু হত্যার বিচার সম্ভব। আমাদের দ্রুত বিচার আইন আছে, নারী-শিশু নির্যাতন দমন আইন রয়েছে প্রচলিত : পৃষ্ঠা : ১৫ ক : ৩

প্রচলিত : আইনেই
(১ম পৃষ্ঠার পর)

এসব বিদ্যমান আইনেই তনু হত্যার বিচার করা সম্ভব।'

নাম প্রকাশ না করার শর্তে মন্ত্রিসভার এক সদস্য কয়েকজন সাংবাদিককে বলেন, 'বিচার বিভাগ রাষ্ট্রের নির্বাহী বিভাগের ওপর প্রভাব বিস্তারের চেষ্টা চালাচ্ছে কী না তা ভেবে দেখা দরকার। এ সময় প্রধানমন্ত্রী বলেন, রাষ্ট্রের তিনটি অঙ্গ। প্রত্যেক অঙ্গেরই নিজস্ব কাজ ও দায়িত্ব রয়েছে। কোন অঙ্গ অন্য অঙ্গের ওপর প্রাধান্য বিস্তারের চেষ্টা করা উচিৎ নয়।'

গত ২০ মার্চ সন্ধ্যায় টিউশনি করে বাসায় ফেরার পথে নিহত হন কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের ইতিহাস বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্রী ও নাট্যকর্মী সোহাগী জাহান তনু। পরে কুমিল্লা সেনানিবাস এলাকার ঝোপ থেকে তার লাশ উদ্ধার করে পুলিশ।